

দৈনিক ইকফিল্ড

তারিখ:
কাল:

সরকার বিরোধী বইপত্র নিষিদ্ধ বাংলা একাডেমীর একুশে বইমেলাকেও দলীয়করণ

চ্যফ রিপোর্টার : বাংলা একাডেমীর বইমেলাকেও অবশেষে এবার দলীয়করণ করা হয়েছে। শুধু স্টল বরাদ্দের ক্ষেত্রেই নয়, বই বিপণনের ক্ষেত্রেও করা হয়েছে যত্নসহকারিতা দলীয়করণ। বর্তমান সরকারের সমর্থক নয়, এমন যে কোন

এ এর পৃঃ ৭-এর কঃ দেখুন

বাংলা একাডেমী বইমেলা

প্রথম পৃষ্ঠার পর

লেখকের বইই এ মেলায় কার্যত নিষিদ্ধ। কোন বইতে আওয়ামী সরকারের সামান্যতম সমালোচনা বা বিরোধিতা থাকলেও ঐ বই আর মেলায় বিক্রি করতে দেয়া হচ্ছে না। খোদ বাংলা একাডেমীর মহাপরিচালক প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন এ ধরনের বই স্টলগুলোতে বিক্রি বা প্রদর্শন করতে নিষেধাজ্ঞা জারি করে স্টল মালিকদের মোখিকভাবে হিশিয়ার করে দিয়েছেন। তিনি নিজেই এখন বিভিন্ন স্টলে গিয়ে সরকারের প্রত্যক্ষ বা পরোক্ষ সমালোচনামূলক কোন বইপত্র আছে কিনা তার খোঁজ-খবর নিচ্ছেন এবং এ জাতীয় বই বরিয়ে ফেলতে নির্দেশ দিচ্ছেন। যদিও মুক্তবুদ্ধির অবাধ চর্চার নামে সব মত ও পথের লেখকদের বই বিক্রি ও প্রদর্শনের কথা বলে জাতীয়ভাবে এবং রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় এই একুশে বইমেলায় আয়োজন করা হয়েছে। কিন্তু আওয়ামী লীগ সমর্থক ছাড়া সেখানে ভিন্ন মতাবলম্বী লেখকদের বইয়ের কোন স্থান নেই। বইমেলায় সাহিত্যমালা প্রকাশনীর স্টলে জাতীয় পার্টি নেতা সাংবাদিক সুনীল শুভাচার্যের নির্বাচিত রাজনৈতিক কলাম নিয়ে গুপা 'প্রতিবাদ' বইটি বিক্রি হতে থাকলে ত পরেও বাংলা একাডেমীর মহাপরিচালক য়ং বইটি তুলে নেয়ার নির্দেশ দেন। সরকারের সমালোচনাধর্মী এ বইটি ঐ স্টলে প্রদর্শন বা বিক্রি করা হলে অগ্রীতিকর পরিস্থিতির সৃষ্টি হবে এবং স্টলও বন্ধ হয়ে যাবে বলে তিনি জানান। এতে ভীত হয়ে স্টল মালিক অরুণ দে আর বইটি স্টলে রাখতে পারেননি। উল্লেখ্য, বাংলা একাডেমীর এই একুশে বইমেলায় এ